



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড(ওজোপাডিকো)

WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED

(An Enterprise of Bangladesh Power Development Board)

Website: www.wzpdcl.org.bd



ওজোপাডিকো'র সকল সম্মানিত গ্রাহকবৃন্দের প্রতি ব্যবস্থাপনা পরিচালকের বার্তা

আসসালামু আলাইকুম, ঈদ মোবারক। ওজোপাডিকো'র সকল সম্মানিত গ্রাহকবৃন্দকে জানাই পবিত্র ঈদ-উল-ফিতর এর শুভেচ্ছা। সম্মানিত গ্রাহকবৃন্দ আশা করি বর্তমান এই বৈশ্বিক করোনা পরিস্থিতিতে পরিবারের সকলকে নিয়ে ভালো আছেন, সুস্থ আছেন। আপনারা জানেন যে, সবাই যখন করোনার মত বৈশ্বিক মহামারীতে নিরাপদ থাকতে ঘরবন্দী অবস্থায় আছেন, সেই সময়ে ওজোপাডিকো পরিবারের অকুতোভয় **Front Line** কর্মীবৃন্দ নিরলস পরিশ্রমের মাধ্যমে বিদ্যুৎ ব্যবস্থা সচল রাখতে দিন-রাত কাজ করে যাচ্ছে। ওজোপাডিকো'র মাঠ পর্যায়ের কর্মীবৃন্দ স্বাস্থ্য বিধি মেনে আন্তরিকতার সাথে আপনাদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা দিতে নিয়োজিত রয়েছে। করোনা ভাইরাস প্রাদুর্ভাবে জনজীবন যখন স্থবির সেই মুহূর্তে ওজোপাডিকো'র সাহসী কর্মীবৃন্দ জীবনের ঝুঁকি নিয়ে পদ্মার এপারে দক্ষিণ পশ্চিমাঞ্চলের ২১টি জেলা সদর ও ২০টি উপজেলার বিদ্যুৎ বিতরণ ও সরবরাহ ব্যবস্থা সচল রেখেছেন। সম্প্রতি এপ্রিল'২০২০ মাসে অতিরিক্ত বিদ্যুৎ বিল করা হয়েছে মর্মে কিছু অভিযোগ আমাদের দৃষ্টিগোচর হয়েছে। উক্ত বিষয়ে আমাদের বক্তব্য এই যে, বর্তমান এই দুর্যোগকালীন সময়ে সামাজিক দূরত্ব বজায় রেখে বাড়ি বাড়ি গিয়ে মিটার দেখে রিডিং আনা প্রকৃতপক্ষে সম্ভব হচ্ছে না। এই লকডাউনের সময় ওজোপাডিকো'র প্রায় ১২ (বার) লক্ষ এর অধিক গ্রাহকদের বাড়িতে বাড়িতে গিয়ে মিটার রিডিং আনতে গেলে সম্মানিত গ্রাহকসহ বিদ্যুৎ কর্মীদের স্বাস্থ্য ঝুঁকি বেড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। কারণ এই মুহূর্তে মহামারী থেকে বেঁচে থাকা আমাদের বড় চ্যালেঞ্জ। এজন্যই বিদ্যুৎ বিল পূর্ববর্তী মাসের সাথে সংগতি রেখে প্রস্তুত করা হয়েছে যা পরবর্তীতে প্রকৃত মিটার রিডিং এর আলোকে সমন্বয় করা হবে। গ্রাহকগণের স্বাস্থ্য ঝুঁকির কথা বিবেচনা করে বিলষে বিদ্যুৎ বিল পরিশোধের সারচার্জ মওকুফ করা হয়েছে। সম্মানিত গ্রাহকবৃন্দ আপনাদের আশ্বস্ত করতে চাই যে, কোন গ্রাহকের বিদ্যুৎ বিল যদি তারতম্য অর্থাৎ প্রকৃত ব্যবহার হতে কম বা বেশি হয়ে থাকে তাতে উদ্ভিন্ন হওয়ার কারণ নেই কেননা পরবর্তীতে বিলের সাথে অবশ্যই তা সমন্বয় করা হবে। সকল বিদ্যুৎ রিডিংই আপনাদের মিটারে সংরক্ষিত রয়েছে। গ্রাহকবৃন্দ সহজে তা পরীক্ষা করতে পারেন।

আপনাদের এই বিষয়ে কোন অভিযোগ থাকলে তা সমাধান করার জন্য সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগকে জানাতে পারেন অথবা ওজোপাডিকো'র ওয়েবসাইটে গিয়ে ই-মেইলে এবং সংরক্ষিত মোবাইল ফোনের মাধ্যমে আপনি আপনার অভিযোগ দাখিল করতে পারেন। আমরা অবশ্যই তা যথাযথভাবে সমাধান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো।

‘মুজিব বর্ষে’ শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে সকলকে নির্ভরযোগ্য ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবাদানে ওজোপাডিকো বদ্ধপরিকর। আপনাদের সকলের সহযোগিতা আমাদের একান্ত কাম্য।

সকলকে আবারও পবিত্র ঈদ-উল-ফিতর এর শুভেচ্ছা জানাই। একিসাথে করোনা থেকে বেঁচে থাকার জন্য স্বাস্থ্যবিধি মেনে চলার আবেদন জানাচ্ছি। আপনাদের সুস্বাস্থ্য ও দীর্ঘজীবন কামনা করছি।

মহান আল্লাহ তায়ালা আমাদের সহায় হোন।

প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন

ব্যবস্থাপনা পরিচালক

ওজোপাডিকো, খুলনা